

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

বিষয়ঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মাকসুদুল হাসান খান, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ২৮ নভেম্বর ২০১৭ ও বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-‘ক’ তে সংযুক্ত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের গুরুত্ব সম্পর্কে সভায় আলোকপাত করেন এবং বলেন এসব প্রতিশ্রুতির সাথে অনেক ক্ষেত্রে নির্বাচনী ইশতেহারেরও সম্পর্ক রয়েছে বিধায় এগুলি বাস্তবায়নে দ্রুততম সময়ে কার্যক্রম সম্পাদন করা বাঞ্ছনীয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোঃ গোলাম মোস্তফা প্রথমে বিগত ২৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় অগ্রগতির বিবরণ অন্তর্ভুক্তির সংশোধনীসহ কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

৩। সভায় কর্মকর্তাগণ নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অগ্রগতি অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

প্রতিশ্রুতিঃ

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত/ মন্তব্য	বাস্তবায়নে
১	সিরাজগঞ্জে সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপন করা।	মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় অবহিত করেন যে, (ক) জানুয়ারী/২০১৩ হতে জুন/২০১৮ ইং পর্যন্ত (২য় সংশোধিত) মেয়াদী সিরাজগঞ্জ ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্পের অক্টোবর/২০১৭ পর্যন্ত ৯০% কাজ সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত হবে। (খ) সিরাজগঞ্জ ভেটেরিনারি কলেজের জনবল দ্রুত মঞ্জুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ অব্যাহত আছে।	(ক) নির্ধারিত সময়ের মধ্যে গুনগতমান নিশ্চিত করে প্রকল্প কাজ সমাপ্ত করতে হবে। (খ) জনবল দ্রুত মঞ্জুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্মসচিব (প্রাস-২), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
২	মৎস্য চাষে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সিরাজগঞ্জে মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন।	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় অবহিত করেন যে, (ক) মৎস্যখাতে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত “গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও সিরাজগঞ্জ জেলায় মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন” প্রকল্প এর মাধ্যমে বেলকুচি, সিরাজগঞ্জে মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে ১টি প্রশাসনিক ভবন, ১টি প্রিন্সিপালের আবাসিক ভবন, ১টি একাডেমিক ভবন, ১টি ইনস্ট্রাক্টর ডরমিটরী, ১টি ছাত্রাবাস, ১টি ছাত্রীনিবাস, ১টি ইরোশন প্রটেকশন কাম বাউন্ডারী ওয়াল মেরামতসহ গেইট, ১টি বৈদ্যুতিক সাব-স্টেশন, ১টি কম্পোন্যান্টসহ মৎস্য হ্যাচারি, কম্পাউন্ড ড্রেনেজ সিস্টেম, ৩টি পুকুর খনন, ১টি গ্যারেজ, ২টি গার্ডরুম, ৩টি পুকুরের রিটেনশন ওয়াল নির্মাণ, ১টি অডিটোরিয়াম, ১টি মসজিদ, বহিঃবিদ্যুতায়ন, ৩টি ডিপটিউবওয়েল স্থাপন, ২৫টি ডেস্কটপ কম্পিউটার সরবরাহকরণ, জিমনেসিয়ামের যন্ত্রপাতি সরবরাহকরণ, ছাত্রাবাস, ছাত্রীনিবাস এবং ডরমেটরির আসবাবপত্র সরবরাহকরণ, ভূমি উন্নয়ন এবং অভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ সম্পন্ন হয়েছে। ১টি জেনারেটর সরবরাহ, বক্ষরোপণসহ ফুলের বাগান করা, পুকুরেরপানি সরবরাহের লাইন স্থাপন ও নির্মিত ভবনের ফলোআপ মেইন্টেনেন্সের কার্যক্রম চলমান রয়েছে।	(ক) নির্ধারিত সময়ের মধ্যে গুনগতমান নিশ্চিত করে প্রকল্প কাজ সমাপ্ত করতে হবে। (খ) ০৩টি ডিপ্লোমা ইনস্টিটিউটের ছাড়পত্র প্রাপ্ত ৩৫ টি পদে আউট সোর্সিং এর মাধ্যমে দ্রুত জনবল নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে। (গ) জেলা প্রশাসনের সমন্বয় সভায় আলোচনা ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ২০১৭-২০১৮ সেশনে ভর্তির বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারসহ শিক্ষার্থী	অতিঃ সচিব (মৎস্য), যুগ্মপ্রধান, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

